



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/উমা-০৫/২০১৭/২৭৫

(স্মারক ও তারিখ ঠিক রেখে)

তারিখ : ২০/১১/২০১৭ খ্রিঃ

## সংশোধিত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ, নির্বাচনী পরীক্ষা গ্রহণ, পরীক্ষার ফি, জমা প্রদান ইত্যাদি সম্পর্কিত যাবতীয় তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নে প্রদত্ত হলো।

১. Online এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (Probable list) ওয়েব সাইটে (<http://eff.teletalk.com.bd>) ১২/১২/২০১৭ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ১৪/১২/২০১৭ থেকে ২১/১২/২০১৭ তারিখের মধ্যে Online এ এ ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। Online এ প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে ফরম পূরণের পর Download করতঃ প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ব্যাংক ড্রাফট না করে) সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে ABB/RMS + পদ্ধতিতে সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত “ সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে” টাকা জমা করতঃ মূল জমা রশিদ ও ফরম পূরণের প্রিন্ট কপি ০১(এক) সেট হিসাব শাখায় জমা দিতে হবে। বোর্ডের হিসাব শাখা থেকে প্রাপ্ত রশিদ ও প্রিন্টকপি ০১(এক) সেট পরীক্ষা (উচ্চমাধ্যমিক) শাখায় জমা দিতে হবে এবং ০১ (এক) সেট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য ২০১৮ সালের এইচ এস সি পরীক্ষার eFF এর মাধ্যমে ফরম পূরণের জন্য একাদশ শ্রেণীর (২০১৬-২০১৭) শিক্ষাবর্ষ eFF এ ব্যবহৃত Password টি ব্যবহার করতে হবে।

০২। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী এবং নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। তবে আংশিক বিষয়ের ০১/০২ (এক/দুই) পরীক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক নয়। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনী পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।

(গ) শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরীক্ষার্থীদের পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেস্ট গ্রহণ করতে পারবে কিন্তু এ মডেল টেস্ট কোন পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি আদায় করা যাবে না।

০৩। পরীক্ষার্থীদের নিকট থেকে পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ১নং ক্রমিকে বর্ণিত নিয়মে হিসাব শাখায় জমা দিতে হবে।

০৪। এইচ এস সি পরীক্ষা ২০১৮ অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ : ০১/০৪/২০১৮

০৫। ইলেক্ট্রনিক ফরম ফিলাপ eFF এর কার্যক্রম ও পরীক্ষার ফি এর হার নিম্নে প্রদত্ত হলো :

ক্রমিক নং	কাজের বিবরণ	শেষ তারিখ
১.	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবরে সাদা কাগজে তালিকা ভুক্তির আবেদন করার শেষ তারিখ	২৬/১১/২০১৭
২.	জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজের অধ্যক্ষ বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখঃ নোট : যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০১৭ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।	২৬/১১/২০১৭
৩.	রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ : নোট : ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশ গ্রহণ করে ০১(এক) বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০১৭ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা ০১(এক) বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০১৮ সালে ঐ ০১(এক) বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।	১৭/১২/২০১৭
৪.	কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রাইভেট পরীক্ষার্থীদের ০২(দুই) কপি তালিকা এবং প্রতি পরীক্ষার্থী ১০০/= (এক শত) টাকা হারে তালিকাভুক্তি ফি-পে অর্ডার বোর্ডে জমা দিতে হবে।	ইতোপূর্বে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
৫.	নির্বাচনী পরীক্ষা গ্রহণ শেষে ফলাফল প্রকাশের শেষ তারিখ :	১০/১২/২০১৭
৬.	অনলাইন eFF এর মাধ্যমে ফরম পূরণ :	১৪/১২/২০১৭ থেকে ২১/১২/২০১৭
৭.	বিলম্ব ফি ছাড়া বোর্ডের নির্ধারিত ব্যাংকে একাউন্টে (১নং ক্রমিকে বর্ণিত নিয়মে) টাকা জমা দেয়ার শেষ তারিখ :	২৪/১২/২০১৭
৮.	বিলম্ব ফি দিয়ে অনলাইন eFF এর মাধ্যমে ফরম পূরণ :	২৪/১২/২০১৭ থেকে ২৯/১২/২০১৭
৯.	পরীক্ষার্থী প্রতি বিলম্ব ফি ২০০/(দুইশত) টাকা হারে বোর্ডের নির্ধারিত ব্যাংক একাউন্টে (উপরে ১নং ক্রমিকে বর্ণিত) নিয়মে টাকা জমা দেয়ার শেষ তারিখ :	০১/০১/২০১৮

